




# বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : [bgguidesho@gmail.com](mailto:bgguidesho@gmail.com)



বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থা (ওয়াগস) পরিচালিত নরওয়েজিন এজেন্সি ফর এক্সচেঞ্জ কোর্সেশন (নরেক) এর আর্থিক সহায়তায় ইয়ুথ এক্সচেঞ্জ সাউথ টু সাউথ (ইয়েস) গার্লস মুভমেন্ট কর্মসূচির আওতায় ৬ জানুয়ারি, ২০২৪ তারিখ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের রাজধানী অঞ্চলের রেঞ্জার সুমাইয়া ইয়াসমিন অন্তরা, রাজশাহী অঞ্চলের রেঞ্জার ইসরাত জাহান তামান্না ও জান্নাতুল ফেরদৌস যাত্রা করে বর্তমানে উগান্ডায় অবস্থান করছেন। রেঞ্জাররা প্রথমে উগান্ডায় প্রিপারেটরি কোর্স সম্পন্ন করে সুমাইয়া ইয়াসমিন অন্তরা ঘানা, ইসরাত জাহান তামান্না রুয়ান্ডা ও জান্নাতুল ফেরদৌস তানজানিয়ায় ভাগ হয়ে তাদের জন্য নির্ধারিত এক্সচেঞ্জ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন। ৬ মাস ব্যাপি পরিকল্পিত কর্মসূচি সম্পাদন শেষে রেঞ্জারবৃন্দের আগামী ১৭ জুলাই, ২০২৪ তারিখ দেশে ফিরবেন বলে আশা করা যাচ্ছে। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন প্রতিনিধি দলের সার্বিক সাফল্য কামনা করে।



সাবিনা বেগম

জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা